# ৪র্থ জাতীয় উন্নয়ন মেলা ২০১৮

৪ - ৬ অক্টোবর

## উন্নয়নের অভিযাত্রায় অদম্য বাংলাদেশ










**ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)**

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

নগর ভবন, ১৪-১৫ তলা (পূর্ব ব্লক), ৫ ফনিক্স রোড, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০

ফোন : ৯৫৬২৬৮৬, ফ্যাক্স : ৯৫৬৮৮৯২, ওয়েব : www.dtca.gov.bd

## ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ

আধুনিক গণপরিবহন ব্যবস্থাকে সমন্বিত করার লক্ষ্যে গত ০২ সেপ্টেম্বর ২০১২ তারিখ ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ প্রতিষ্ঠিত হয়। ঢাকা নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, গাজীপুর, নরসিংদী জেলা ডিটিসিএ'র অধিভুক্ত। বর্তমানে এ কর্তৃপক্ষের আওতাভূক্ত এলাকার আয়তন ৭,৪০০ বর্গ কিলোমিটার। ডিটিসিএ এর আওতাভুক্ত এলাকার পরিবহন সংশ্লিষ্ট সকল উন্নয়ন পরিকল্পনা অনুমোদন, সমন্বয় ও পরিবীক্ষণ করে।

**রূপকল্প:**
বৃহত্তর ঢাকার পরিকল্পিত, সমন্বিত এবং আধুনিক ও টেকসই পরিবহন ব্যবস্থা গড়ে তোলা।

**অভিলক্ষ্য:**
পরিবহন ব্যবস্থার সুষ্ঠু সমন্বয়, পরিবহন পরিকল্পনা এবং দ্রুতগামী গণপরিবহন ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে জনসাধারণের জন্য নিরাপদ, নির্ভরযোগ্য এবং সহজলভ্য পরিবহন সেবা প্রদান।

**পরিচালনা পরিষদ:**
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে ডিটিসিএ'র ৩১ সদস্য বিশিষ্ট একটি পরিচালনা পরিষদ রয়েছে। পরিচালনা পরিষদের গঠন নিম্নরূপ:

(১) মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, চেয়ারম্যান;
(২) মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, পদাধিকারবলে, ভাইস-চেয়ারম্যান;
(৩) মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, পদাধিকারবলে, ভাইস-চেয়ারম্যান;
(৪) সরকার কর্তৃক মনোনীত ৩ (তিন) জন সংসদ সদস্য;
(৫) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, পদাধিকারবলে;
(৬) সচিব, রেলপথ মন্ত্রণালয়, পদাধিকারবলে;
(৭) সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, পদাধিকারবলে;
(৮) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পদাধিকারবলে;
(৯) সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, পদাধিকারবলে;
(১০) সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, পদাধিকারবলে;
(১১) সচিব, সেতু বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, পদাধিকারবলে;
(১২) মহা-পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পদাধিকারবলে;
(১৩) প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, পদাধিকারবলে;
(১৪) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, পদাধিকারবলে;
(১৫) চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন, পদাধিকারবলে;
(১৬) বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, পদাধিকারবলে;
(১৭) চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, পদাধিকারবলে;
(১৮) চেয়ারম্যান, বাংলাদেশে অভ্যন্তরীন নৌ-পরিবহন কর্তৃপক্ষ, পদাধিকারবলে;
(১৯) চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ, পদাধিকারবলে;
(২০) মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, পদাধিকারবলে;
(২১) মেয়র, মানিকগঞ্জ পৌরসভা, পদাধিকারবলে;
(২২) মেয়র, মুন্সিগঞ্জ পৌরসভা, পদাধিকারবলে;

(২৩) মেয়র, নরসিংদী পৌরসভা, পদাধিকারবলে;
(২৪) মেয়র, গাজীপুর পৌরসভা, পদাধিকারবলে;
(২৫) মেয়র টঙ্গী পৌরসভা, পদাধিকারবলে;
(২৬) মেয়র, সাভার পৌরসভা, পদাধিকারবলে;
(২৭) সভাপতি, বাংলাদেশ সড়ক পরিবহন সমিতি, পদাধিকারবলে;
(২৮) সভাপতি, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, পদাধিকারবলে;
(২৯) সভাপতি, বাংলাদেশ বাস ট্রাক মালিক সমিতি, পদাধিকারবলে;
(৩০) কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক (পদাধিকারবলে পরিষদের সচিব)।



ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ এর পরিচালনা পরিষদের ১১তম সভা গত ১২ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়।

**কর্তৃপক্ষের উল্লেখযোগ্য কার্যাবলী নিম্নরূপ:**

(ক) ঢাকা মহানগরীর যানজট নিরসনের লক্ষ্যে পরিবহন নীতিমালা ও স্কীম প্রণয়ন, অনুমোদন এবং পরিবহন মহাপরিকল্পনা প্রণয়ন ও উহা বাস্তবায়নের কার্যক্রম তদারকী;
(খ) সরকারি ও বেসরকারি পরিবহন ব্যবস্থাপনার সুস্পষ্ট দিক-নির্দেশনাসহ উন্নত পরিবহন সেবা নিশ্চিত করা;
(গ) বিভিন্ন কর্তৃপক্ষ ও সংস্থার বাস্তবায়িতব্য পরিবহন সংশ্লিষ্ট প্রকল্পসমূহের চূড়ান্ত নকশা অনুমোদন;
(ঘ) রাস্তায় পথচারীদের চলাচলের নিরাপত্তা সংক্রান্ত নীতিমালা প্রণয়ন এবং উহা বাস্তবায়নের ক্ষেত্রে সমন্বয়;
(ঙ) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নির্মিতব্য বহুতল ভবন ও আবাসিক প্রকল্পে যানবাহনের প্রবেশ- নির্গমন ও চলাচল (Traffic Circulation) সংক্রান্ত নকশা অনুমোদন এবং তদারকী;
(চ) সুষ্ঠু পরিবহন ব্যবস্থায় বিঘ্ন সৃষ্টিকারী অবকাঠামো নির্মাণে এবং প্রতিবন্ধকতা সৃষ্টিকারী নির্মিত অবকাঠামো অপসারণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান;
(ছ) যানবাহনের পার্কিং সুবিধার লক্ষ্যে গৃহীত পার্কিং প্ল্যান ও যানবাহন চলাচলের নকশা অনুমোদন;
(জ) পরিবহন খাতের জন্য দক্ষ জনশক্তি তৈরির উদ্দেশ্যে প্রশিক্ষণ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন, বাস্তবায়ন ও তদারকী;
(ঝ) দ্রুতগামী গণপরিবহন (Mass Rapid Transit) ব্যবস্থা সংক্রান্ত নীতি ও প্রকল্প প্রণয়ন, ক্ষেত্রবিশেষে বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট সংস্থাসমূহকে পরামর্শ প্রদান ও তদারকী;
(ঞ) বিভিন্ন পরিবহন রুটের পরিকল্পনা প্রণয়ন এবং রুট ও লেন নিধারণের বিষয়ে নীতিমালা ও পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন;

(ট) নৌ-পরিবহন রুটের সহিত স্থল পরিবহনের সংযোগ স্থাপনের লক্ষ্যে সমন্বিত পরিকল্পনা প্রণয়ন ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে উহা বাস্তবায়নের পরামর্শ প্রদান;

(ঠ) দ্রুত ও উন্নত সেবা প্রদানের লক্ষ্যে দ্রুতগামী গণপরিবহন ব্যবস্থার আওতায় বাস র‍্যাপিড ট্রানজিট, মেট্রোরেল এবং রুট ভাড়া অথবা লীজ প্রদানের মাধ্যমে (রুট ফ্রাঞ্চাইজ) বাস বা রেল (মেট্রো/মনো/সার্কুলার/কমিউটার) বা এক্সপ্রেসওয়ে (উচ্চ ধারণক্ষমতাসম্পন্ন লেন) পরিচালনার জন্য সরকারি, বেসরকারি অথবা সরকারি-বেসরকারি যৌথ মালিকানায় পরিবহন পরিচালনার কার্যক্রম, ভাড়া নির্ধারণ এবং এতদসংক্রান্ত অন্যান্য কাজের জন্য পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও অনুমোদন।

**কৌশলগত পরিবহন পরিকল্পনা প্রণয়ন** (STP):

ঢাকা মহানগরী ও পার্শ্ববর্তী এলাকার জন্য একটি পরিকল্পিত ও সমন্বিত আধুনিক গণপরিবহন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর উদ্যোগে ২০০৫ সালে প্রণীত Strategic Transport Plan (STP) সংশোধন ও হালনাগাদ করে সংশোধিত STP প্রণয়ন করা হয়েছে। Revised STP তে ৫টি Mass Rapid Transit (MRT) [MRT Line-1, 2, 4, 5 & 6] লাইন, এবং ২টি Bus Rapid Transit (BRT) [BRT করিডোর - 3 & 7], তিনস্তর বিশিষ্ট রিং রোড (ইনার, মিডল ও আউটার), ৮টি রেডিয়াল সড়ক, ৬টি এক্সপ্রেসওয়ে, ২১টি ট্রান্সপোর্টেশান হাব নির্মাণ এবং ট্রাফিক ম্যানেজমেন্ট, ট্রাফিক সেফটি ব্যবস্থার উন্নয়ন ও বাস পরিবহন সেক্টর পুনর্গঠনের সুপারিশ রয়েছে। MRT Line-2 এবং আউটার সার্কুলার রোড প্রকল্প পিপিপি এর আওতায় জাপান সরকারের জিটুজি ভিত্তিতে বাস্তবায়নের জন্য পিপিপি কর্তৃপক্ষের নিকট প্রস্তাব প্রেরণ করা হয়েছে। ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) ইতোমধ্যে MRT Line-1, MRT Line-5 ও বিআরটি লাইন-৩ প্রকল্পের সমীক্ষা সমাপ্ত করেছে এবং বিআরটি লাইন-৭ এর সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন করার উদ্যোগ হাতে নিয়েছে। ডিটিসিএ বাস সেক্টর পুনর্গঠনের লক্ষ্যে Bus Network Management Company গঠন এবং পাইলট করিডোরে (কুড়িল-সায়েদাবাদ) বাস ব্যবস্থা উন্নত করার লক্ষ্যে কার্যক্রম হাতে নিয়েছে। সামগ্রিকভাবে ডিটিসিএ ঢাকার গণপরিবহন ব্যবস্থা উন্নত ও সমন্বিত করার লক্ষ্যে কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

**কারিগরি উন্নয়ন প্রকল্পসমূহ:**

1. The Preparatory Study on Mass Transit Development Project (Line1 & 5)
2. Dhaka Metro Project Preparatory Technical Assistance
3. Dhaka Integrated Traffic Management Project
4. Establishment of Clearing House for Integrating Transport Ticketing System in Dhaka City
5. Technical Assistance to DTCA

**মেট্রোরেল লাইন-৬:**

সংশোধিত STP এর আলোকে MRT বাস্তবায়নের জন্য Dhaka Mass Transit Company Limited (DMTCL) গঠন করা হয়েছে। এ কোম্পানী উত্তরা তৃতীয় পর্ব হতে মতিঝিল পর্যন্ত ১৬ ষ্টেশনবিশিষ্ট ২০ কিলোমিটার দীর্ঘ MRT Line-6 বাস্তবায়ন করছে।

**মেট্রোরেল লাইন-১:**

এয়ারপোর্ট-খিলক্ষেত-কুড়িল-বারিধারা-বাড্ডা-রামপুরা-মালিবাগ-মৌচাক-রাজারবাগ-কমলাপুর এবং কুড়িল-


পূর্বাচল-কাঞ্চন সেতুর পশ্চিম পার্শ্ব পর্যন্ত ৩০.৬০ কিলোমিটার দীর্ঘ (এলিভেটেড ১১.৮০ কিলোমিটার ও আন্ডারগ্রাউন্ড ১৮.৮০ কিলোমিটার) MRT Line-1 নির্মাণের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইয়ের কাজ চলছে। বিস্তারিত নকশা প্রণয়নের জন্য গত ২৯ জুন ২০১৭ তারিখ উন্নয়ন সহযোগী JICA'র সাথে ঋণচুক্তি স্বাক্ষরিত হয়েছে। জাইকা স্টাডি টিম কর্তৃক ড্রাফট ফাইনাল রিপোর্ট-১ গত নভেম্বর ২০১৭ এ এবং ড্রাফট ফাইনাল রিপোর্ট (সফটকপি) সেপ্টেম্বর ২০১৮ এ জমা দেয়া হয়েছে। এটি হবে বাংলাদেশের প্রথম পাতাল রেল।



এম আরটি লাইন-১ এর রুট ম্যাপ

**মেট্রোরেল লাইন-৫ (উত্তরাংশ):**

২০.০০ কিলোমিটার (এলিভেটেড ৬.৫০ কিলোমিটার ও আন্ডারগ্রাউন্ড ১৩.৫০ কিলোমিটার) দীর্ঘ MRT Line-5 [রুট (উত্তরাংশ): হেমায়েতপুর-আমিনবাজার-গাবতলী-টেকনিক্যাল-মিরপুর-১-মিরপুর-১০-কচুক্ষেত-বনানী-গুলশান-২-নতুনবাজার-ভাটারা] নির্মাণের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইয়ের কাজ চলছে। জাইকা স্টাডি টিম কর্তৃক ইতোমধ্যে ড্রাফট ফাইনাল রিপোর্ট-১ গত নভেম্বর ২০১৭ এ এবং ড্রাফট ফাইনাল রিপোর্ট জুলাই ২০১৮ এ জমা দেয়া হয়েছে। এটি হবে বাংলাদেশের ২য় পাতাল রেল।



এম আরটি লাইন-৫ (উত্তরাংশ) এর রুট ম্যাপ

সম্পূর্ণ আন্ডারগ্রাউন্ড MRT Line-5 [রুট (দক্ষিণাংশ): গাবতলী-ধানমন্ডি-পান্থপথ-হাতিরঝিল লিংক রোড-নগরপাড়া] নির্মাণের লক্ষ্যে বৈদেশিক অনুদানে প্রাক-সম্ভাব্যতা যাচাইয়ের নিমিত্ত কারিগরি সহায়তা প্রকল্প গ্রহণ করা হয়েছে। পরামর্শক নিয়োগ সম্পন্ন হয়েছে এবং প্রাক-সম্ভাব্যতার কাজ চলছে।

**মেট্রোরেল লাইন-৫ (দক্ষিণাংশ):**


দৈর্ঘ্য: ১৬ কিলোমিটার (আনুমানিক)। রুট: গাবতলী থেকে আফতাবনগর পর্যন্ত। প্রস্তাবিত স্টেশন: গাবতলী-টেকনিক্যাল-কল্যাণপুর-শ্যামলী-কলেজগেট-আসাদগেট-পশ্চিম পান্থপথ-কাওরান বাজার-হাতিরঝিল-তেজগাঁও-নিকেতন-রামপুরা-আফতাবনগর (পশ্চিম) - আফতাবনগর (সেন্টার)-আফতাবনগর (পূর্ব)। **আন্ডারগ্রাউন্ড সেকশন:** নগর এলাকাতে গাবতলী থেকে আফতাবনগর (পশ্চিম) পর্যন্ত প্রায় ১২.৫ কিলোমিটার আন্ডারগ্রাউন্ড দিয়ে যাবে। **এলিভেটেড সেকশন:** আফতাবনগর (সেন্টার) থেকে আফতাবনগর (পূর্ব) পর্যন্ত প্রায় ৩.৫ কিলোমিটার। এশিয়ান ডেভেলেপমেন্ট ব্যাংক (এডিবি) এর সহযোগিতায় প্রাক-সম্ভাব্যতা যাচাই এর কাজ চলমান আছে। এমআরটি লাইন-৫ (দক্ষিণাংশ) কাওরান বাজারে এমআরটি লাইন-৬ এর সাথে এবং রামপুরায় এমআরটি লাইন-১ এর সাথে সংযোগ সাধন করবে।



এমআরটি লাইন-৫ (দক্ষিণাংশ) এর রুট ম্যাপ

**বাস র‍্যাপিড ট্রানজিট (বিআরটি) লাইন-৩ :**

গাজীপুর হতে হযরত শাহজালাল (রহ:) আন্তর্জাতিক বিমানবন্দর পর্যন্ত ২০.৫ কিলোমিটার দীর্ঘ BRT Line-3 (উত্তরাংশ) Greater Dhaka Sustainable Urban Transport Project (GDUSTP) এর আওতায় ২০৪০ কোটি টাকা ব্যয়ে নির্মাণ করা হচ্ছে। এ অংশে মোট ২৫টি স্টেশন থাকবে এবং ঘন্টায় ২৫ হাজার যাত্রী পরিবহন করা সম্ভব হবে। ২০২০ সনে এ অংশে বিআরটি চালু করা হবে। হযরহ শাহজালাল (রহ:) আন্তর্জাতিক বিমানবন্দর হতে মহাখালী-মগবাজার-গুলিস্তান-নয়াবাজার-ঝিলমিল পর্যন্ত ২২ কিলোমিটার দীর্ঘ ১৬ স্টেশন বিশিষ্ট এবং ঘন্টায় উভয়দিকে ৩০,০০০ যাত্রী পরিবহনে সক্ষম BRT System চালুর লক্ষ্যে বৈদেশিক সহায়তায় বিস্তারিত নকশা প্রণয়ন করা হয়েছে। বাস্তবতার ভিত্তিতে প্রকল্পটি তিনটি Phase এ (Phase-1 হযরত শাহজালাল (রহ:) আন্তর্জাতিক বিমানবন্দর হতে মহাখালী, Phase-2: মহাখালী-মগবাজার-গুলিস্তান ও Phase-3: গুলিস্তান-নয়াবাজার-ঝিলমিল) বিভক্ত করে বাস্তবায়নের উদ্যাগ নেয়া হয়েছে। Phase-1: বাস্তবায়নের জন্য উন্নয়ন সহযোগি বিশ্বব্যাংক নীতিগত সম্মতি প্রদান করেছে। এটি নির্মিত হলে যাত্রীসাধারণ সহজেই গাজীপুর হতে মহাখালী পর্যন্ত নিরবিচ্ছিন্নভাবে যাতায়াত করতে পারবে।




বিআরটি লাইন-৩ রুট ম্যাপ

**স্মার্ট কার্ড প্রবর্তন এবং ই-ক্লিয়ারিং হাউজ প্রতিষ্ঠা:** ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ কর্তৃক জাইকার সহায়তায় Establishment of Clearing House for Integrating Transport Ticketing System in Dhaka City Area প্রকল্পের আওতায় ঢাকা শহরে গণপরিবহন ব্যবস্থা সুসংহত এবং Automatic Fare Collection System প্রচলন ও Fare Collection System Integration করার লক্ষ্যে e-Clearing House স্থাপন করা হয়েছে। SMART Card (Rapid Pass) ব্যবহার করে বিভিন্ন পরিবহন মাধ্যম যেমন-মেট্রোরেল, বাস র‍্যাপিড ট্রানজিট, বাংলাদেশ রেলওয়ে, বিআরটিসি'র বাস, বিআইডব্লিউটিসি'র নৌ-যান ও চুক্তিবদ্ধ বেসরকারি বাসে স্বচ্ছন্দ্যে ও নিরবচ্ছিন্নভাবে যাতায়াতের লক্ষ্যে e-Clearing House প্রতিষ্ঠা করা হয়েছে। ৪ জানুয়ারি ২০১৮ তারিখ গণভবন থেকে ভিডিও কনফারেন্সের



৪ জানুয়ারি ২০১৮ তারিখ গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী শেখ  হাসিনা র‍্যাপিড পাস এর শুভ উদ্বোধন করেন।

মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী র‍্যাপিড পাস এর শুভ উদ্বোধন করেন।বর্তমান বিআরটিসি'র আব্দুলাপুর-মতিঝিল রুটে চলাচলরত এসি বাস সমূহে, গুলশান সার্কুলার রুটে চলাচলরত ঢাকা চাকা'র এসি বাস এবং হাতিরঝিল চক্রাকার বাস রুটে র‍্যাপিড পাস ব্যবহৃত হচ্ছে।

**ট্রাফিক ব্যবস্থাপনাঃ**

ঢাকা মহানগরীর ৪টি ইন্টারসেকশনে আধুনিক Intelligent Traffic System (ITS) ব্যবহার করে ট্রাফিক ব্যবস্থাপনা প্রবর্তনের লক্ষ্যে ৪৫২৪.৬৩ কোটি টাকা (জিওবি ২৬৩৭.৪৪ কোটি টাকা ও প্রকল্প সহায়তা ১৮৮৬.৭৫ কোটি টাকা) ব্যয়ে Dhaka Integrated Traffic Management কারিগরি সহায়তা প্রকল্প গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পের আওতায় গুলিস্তান, পল্টন, মহাখালী ও গুলশান-১ ইন্টারসেকশনের উন্নয়ন করা হচ্ছে। প্রকল্পটির পূর্ত কাজের মধ্যে পেভমেন্ট, ফুটপাথ, ড্রেন, সড়ক বিভাজকসহ শোভাবর্ধক কাজ অন্তর্ভুক্ত আছে। ৪টি ইন্টারসেকশনে উক্ত পূর্তকাজের বর্তমান সার্বিক অগ্রগতি ৮১.১১% এবং বাস্তব অগ্রগতি ৮৫%। ইলেকট্রিক্যাল কাজের অংশ হিসেবে পোল ও কেবল স্থাপন কাজ বর্তমানে চলমান রয়েছে। জাইকা কর্তৃক ITS Equipment সরবরাহ করা সাপেক্ষে ৪টি ইন্টারসেকশনে স্থাপন করা হবে।

## Traffic Circulation সংক্রান্ত নকশা অনুমোদনঃ

ডিটিসিএ অধিভুক্ত এলাকায় কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক বহুতল আবাসিক ও বাণিজ্যিক ভবন নির্মাণ ও আবাসিক প্রকল্প গ্রহণ করতে হলে ডিটিসিএ হতে যানবাহনের প্রবেশ-নির্গমন ও চলাচল (Traffic Circulation) সংক্রান্ত নকশার অনুমোদন গ্রহণ করা বাধ্যতামূলক। ০১ জুলাই ২০১৭ হতে ৩০ জুন ২০১৮ পর্যন্ত সময়ে ডিটিসিএ ১০৭টি বহুতল ভবনের Traffic Circulation সংক্রান্ত নকশা অনুমোদন এবং একই সময়ে ৩টি হাউজিং প্রকল্প গ্রহণের জন্য অনাপত্তি প্রদান করেছে। নকশা অনুমোদনের ক্ষেত্রে ছাড়পত্র ফি নিম্নরূপঃ

| ক্র: নং | ১০ (দশ) তম তলার উর্ধ্ব হতে প্রতি ইমারতের সকল তলা মিলে সর্বমোট মেঝে এলাকা | প্রস্তাবকৃত ছাড়পত্র ফি |
|---|---|---|
| ১। | অনুর্ধ্ব ৮০০ বর্গমিটার | ৪০০০/-(চার হাজার টাকা) |
| ২। | ৮০০ বর্গমিটার হতে ১০০০বর্গমিটার পর্যন্ত | ৫,০০০/-(পাঁচ হাজার টাকা) |
| ৩। | ১০০১বর্গমিটার হতে ১৫০০বর্গমিটার পর্যন্ত | ৮,৫০০/-(আট হাজার পাঁচশত টাকা) |
| ৪। | ১৫০১বর্গমিটার হতে ২০০০বর্গমিটার পর্যন্ত | ১৩,০০০/-(তেরো হাজার টাকা) |
| ৫। | ২০০১বর্গমিটার হতে ৩০০০বর্গমিটার পর্যন্ত | ২৮,০০০/-(আটাশ হাজার টাকা) |
| ৬। | ৩০০১বর্গমিটার হতে ৪০০০বর্গমিটার পর্যন্ত | ৪৩,০০০/-(তেতাল্লিশ হাজার টাকা) |
| ৭। | ৪০০১বর্গমিটার হতে ৫০০০বর্গমিটার পর্যন্ত | ৬৫,০০০/-(পঁয়ষট্টি হাজার টাকা) |
| ৮। | ৫০০১বর্গমিটার হতে ১০০০০বর্গমিটার পর্যন্ত | ৮৫,০০০/-(পঁচাশি হাজার টাকা) |
| ৯। | ১০০০১বর্গমিটার হতে ১৫০০০বর্গমিটার পর্যন্ত | ১,০৮,০০০/-(এক লক্ষ আট হাজার টাকা) |
| ১০। | ১৫০০১বর্গমিটার হতে ২০০০০বর্গমিটার পর্যন্ত | ১,৩৫,০০০/-(এক লক্ষ পঁয়ত্রিশ হাজার টাকা) |
| ১১। | ২০০০১বর্গমিটার হতে ৩০০০০বর্গমিটার পর্যন্ত | ২,১০,০০০/-(দুই লক্ষ দশ হাজার টাকা) |
| ১২। | ৩০০০১বর্গমিটারের উর্ধ্বে | ৩,৭০,০০০/-(তিন লক্ষ সত্তর হাজার টাকা) |
| আবাসন প্রকল্প | নতুন প্রকল্প অনুমোদনের জন্য একর প্রতি | ৩,৫০০/-(তিন হাজার পাঁচশত টাকা) |
| | নবায়নের জন্য একর প্রতি | ৫০০/-(পাঁচশত টাকা) |

**ডিটিসিএ অফিস ভবন নির্মাণ:**
ডিটিসিএ'র অফিস ভবন নির্মাণের জন্য তেজগাঁও এ ০২ (দুই) বিঘা ভূমির উপর ডিটিসিএ'র ১৩তলা অফিস ভবন নির্মাণের লক্ষ্যে গত ২৯-০৫-২০১৭ তারিখে প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর এবং সংশ্লিষ্ট ঠিকাদার প্রতিষ্ঠান National Development Engineers Ltd এর মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। পরবর্তীতে গত ০৪-০৬-২০১৭ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়েছে। ১৬-০৫-২০১৮ তারিখ সব ধরণের পাইলের কাজ শেষ হয়েছে। বর্তমানে বেইজমেন্টে মাটি কাটার কাজ এবং শোর পাইলের সাথে ব্রেচিং বিম লাগানোর কাজ চলছে। বেসমেন্টের কিছু অংশে সি সি করা হয়েছে এবং কিছু অংশে সি সি করার প্রস্তুতি চলছে। আগষ্ট ২০১৮ পর্যন্ত কাজের সার্বিক অগ্রগতি ১৪.৫৯%।

**বিশ্ব ব্যক্তিগত গাড়িমুক্ত দিবস উদযাপন :**
ব্যক্তিগত গাড়ি ব্যবহার নিরুৎসাহিত করা, হাঁটা, সাইক্লিং সহ সর্বপরি গণপরিবহন ব্যবহারে উৎসাহিত করার জন্য জনসচেনতা সৃষ্টির লক্ষ্যে ২০১৬ সাল হতে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের উদ্যোগে বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার সহযোগিতায় প্রতি বছর ২২ সেপ্টেম্বর বিশ্ব ব্যক্তিগত গাড়িমুক্ত দিবস উদযাপন করা হচ্ছে। এ বছর ২২ সেপ্টেম্বর, ২০১৮ "যানজট ও দূষণ হ্রাসে ব্যক্তিগত গাড়ি নিয়ন্ত্রণ করি, বহু মাধ্যমভিত্তিক সমন্বিত পরিবহন ব্যবস্থা গড়ি" প্রতিপাদ্যে বর্ণাঢ্য আয়োজনে মানিক মিয়া এভিনিউ এ দিবসটি পালন করা হয়। এ উপলক্ষে একটি সুদৃশ্য স্যুভেনির/স্মরণিকা প্রকাশিত হয়। বিভিন্ন সরকারি-বেসরকারি সংগঠন ও সংস্থা এ দিবস উদযাপনে সক্রিয় ভূমিকা পালন করে।


বিশ্ব ব্যক্তিগত গাড়িমুক্ত দিবস-২০১৮

## Technical Assistance to DTCA Project:

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ এর সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ৩৩.৯৬ কোটি টাকা (জিওবি ৮.৭০ কোটি টাকা ও প্রকল্প সহায়তা ২৫.২৫ কোটি টাকা) ব্যয়ে Technical Assistance to DTCA কারিগরি সহায়তা প্রকল্প গ্রহণ করা হয়েছে। এ কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় ডিটিসিএ'র সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ডিটিসিএ'র কর্মচারী প্রবিধানমালা, পার্কিং ম্যানেজমেন্ট সহজীকরণের সুপারিশমালা, ঢাকা মহানগরীর সড়কগুলোর জন্য জিওমেট্রিক ডিজাইন ম্যানুয়েল, রোড ইন্টারসেকশন উন্নয়ন সংক্রান্ত সুপারিশমালা ইত্যাদির খসড়া প্রস্তুত করা হয়েছে। এছাড়া, ঢাকা শহরের বাস নেটওয়ার্ক ব্যবস্থাপনা পুনর্গঠনের জন্য ডিটিসিএ'র ১০ম বোর্ড সভায় পাইলট প্রকল্প হিসাবে হযরত শাহজালাল (রহঃ) আন্তর্জাতিক বিমানবন্দর হতে সায়েদাবাদ এবং কুড়িল হতে পূর্বাচল পর্যন্ত Core Pilot Bus Network (Bus Rapid Transit) বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। Traffic Survey, Topographic Survey কার্যক্রম চলমান রয়েছে। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ পূর্বাচল মডেল টাউনের ২নং সেক্টরে ২.৮৯ হেক্টর জমি বাস ডিপোর জন্য বরাদ্দ করেছে। Dhaka Bus Network Management Company Limited (DBNMCL) গঠনের লক্ষ্যে Stakeholder দের সাথে আলোচনা করে Articles of Association (AOA) এবং Memorandum of Understanding (MOU) প্রস্তুত করা হয়েছে এবং অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।



প্রস্তাবিত বাস নেটওয়ার্কের রুট ম্যাপ

**ডিটিসিএ'র জনবল:**
ডিটিসিএ'র জনবল কাঠামোতে মোট পদ সংখ্যা ২০৬টি। কিছু পদে নিয়োগ প্রক্রিয়াধীন আছে।